

# সকালের চট্ৰথাম

এতিম শিশুদের জন্য ইফতারের আয়োজন ভাসা ফাউন্ডেশনের

২০২৩-০৪-০৮ ডেস্ক রিপোর্টার



এতিমখানার মা-বাবাহীন এতিম ছাত্রদের সঙ্গে ইফতারের আয়োজন করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা ভোলান্টারি এক্টিভিটিস ফর সোস্যাল অ্যান্ড হিউম্যান এডভান্সম্যান্ট-ভাসা ফাউন্ডেশন। শনিবার (৮ এপ্রিল) এই সংস্থার উদ্যোগে নগরীর কর্ণেলহাট এলাকায় কারিমিয়া শামসুল উলুম এতিমখানায় ইফতার মাহফিলের আয়োজন করা হয়। মাহফিলে এতিমখানার ছাত্র, শিক্ষক এবং ভাসা ফাউন্ডেশনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এতিমখানা ও মাদ্রাসার শিক্ষা পরিচালক মৌলানা ইসমাইল, বিশেষ অতিথি হিসেবে দোয়া মাহফিল পরিচালনা করেন এতিমখানা পরিচালনা কমিটির সদস্য মৌলানা মো. অলিউল্লাহ। তিনি ভাসা ফাউন্ডেশনের সমৃদ্ধি ও অগ্রগতির জন্য দোয়া করেন এবং এতিম বাচ্চাদের জন্য এই আয়োজন করায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। অনুষ্ঠানে ভাসা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক পরিমল কান্তি পাল তার বক্তব্যে বলেন, এদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। ইসলাম শান্তির ধর্ম, যা সকল মানুষের শান্তি কামনা করে। তিনি আরো বলেন ভাসা ফাউন্ডেশন এই এতিমখানার বাচ্চাদের জন্য ইফতারের আয়োজন করতে পেরে কৃতার্থ মনে করছে। তিনি প্রতিষ্ঠানটি যাতে চিরকাল মানুষের পাশে থেকে ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের জন্য কাজ করতে পারে এই দোয়া প্রত্যাশা করেন। এই ইফতার মাহফিলে অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন ভাসা ফাউন্ডেশনের সাধারণ পরিষদ সদস্য রাজু চৌধুরী, ইমরান হোসেন, ম্যানেজার বিজয় পাল, রেজাউল করিম, সুপারভাইজার মো. মানিক ও দৌলত হোসেন। এতিমখানা কর্তৃপক্ষের মধ্যে আরো উপস্থিত ছিলেন মো. জসীম উদ্দিন, তৌহিদুল ইসলাম ও মো. ইমরান।